মেহেরপুরের গাংনীতে গাঁজাসহ ২ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনী উপজেলায় ২৫০শ গ্রাম গাঁজা সহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ। শনিবার দিবাগত রাতে গাংনী উপজেলার জুগিন্দা গ্রাম থেকে এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলো, জুগিন্দা পশ্চিম পাড়ার জাদু মন্ডলের ছেলে দবির উদ্দিন, গাড়াডোব গ্রামের আবু ইউসুফ এর ছেলে আব্দুল হামিদ।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে বলেন, আটক আসামীদয়ের বিরুদ্ধে গাংনী থানায় একটি নিয়মিত মামলা রুজু করার প্রক্রিয়া চলছে।

মেপ্র/এমএফআর

মুজিবনগরে বল্লভপুর মুসলিমপাড়া ক্লাবের আয়োজনে মাস্ক বিতরণ

মুজিবনগর উপজেলার বল্লভপুর মুসলিমপাড়া সার্বিক উন্নয়ন ক্লাবের আয়োজনে পথচারীদের মাঝে বিনামূল্যে মাস্ক বিতরণ করা হয়েছে।

শনিবার বিকালে বল্লভপুর তিন রাস্তার মোড়ে এ সকল মাস্ক বিতরণ করা হয়।

মাস্ক বিতরণের সময় বল্লভপুর মুসলিমপাড়া সার্বিক উন্নয়ন ক্লাবের সাবেক সভাপতি বর্তমান প্রধান উপদৃষ্টা সাংবাদিক হাসান মুস্তাফিজুর রহমান শের খান, ক্লাবের উপদৃষ্টা ওয়াসিম শেখ,আমিরুল ইসলাম, ক্লাবের সভাপতি সেলিম রেজা, সাধারন সম্পাদক মতিউর রহমান খানসহ ক্লাবের সকল সদস্যবৃন্দরা উপস্থিত ছিলেন।

এ সময় পথচারীদের মাঝে মোট একশত পিচ মাস্ক বিতরন করা হয়।

এবং করোনা ভাইরাস থেকে রক্ষা পেতে সবসময় মাস্ক পরিধান করার আহব্বান জানানো হয়।

মেপ্র/আরপি

মুজিবনগরে মৎস্য সেক্টরে সরকারের সাফল্য বিষয়ে প্রমান্যচিত্র প্রদর্শন

“মাছ উৎপাদন বৃদ্ধি করি, সুখী সমৃদ্ধ দেশ গড়ি” এই শ্লোগান কে সামনে রেখে মুজিবনগরে জাতীয় মৎস্য সপ্তাহ -২০২০ এর ৫ম দিনের কর্মসূচীর অংশ হিসেবে উপজেলার কোমরপুর মাধ্যমিক বিদ্যালয়ে মৎস্যচাষীদের মাঝে ” মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি ও সাফল্য বিষয়ে প্রমান্যচিত্র প্রদর্শন” করা হয়।

শনিবার দুপুরে প্রামন্যচিত্র প্রদর্শন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম, মৎস্য অফিসের ক্ষেত্র সহকারী আহসান হাবিব প্রমুখ।

মেপ্র/আরপি

মেহেরপুর পৌরসভার চাল বিতরণ

মেহেরপুর পৌরসভার ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডের পরিবারের মাঝে চাল বিতরণ করা হয়েছে। জিআর প্রকল্পের ১৫ কেজি করে ৪ হাজার পরিবারের মাঝে চাল বিতরণ করা হয়।

শনিবার দুপুরে পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন চলমান করোনাভাইরাস সংক্রামক প্রতিরোধে ঈদুল আযহা উপলক্ষে প্রধানমন্ত্রীর উপহার চাল দুস্থদের হাতে তুলে দেন।

চাল বিতরণ কালে পৌর প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন ৭,৮,৯ নং ওয়ার্ডের কাউন্সিলরগন উপস্থিত ছিলেন।
মেপ্র/এমএফআর

মুজিবনগরে ৩৬ বোতল ফেনসিডিলসহ মা আটকঃ সন্তান পালাতক

মুজিবনগরে ৩৬ বোতল ফেনসিডিলসহ শহিদা বেগম (৪২) নামের একজন মহিলা মাদক কারবারীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।
শনিবার দুপুর সাড়ে বারোটার দিকে রশিকপুর গ্রামের আসামীর নিজ বাড়ি থেকে তাকে আটক করা হয়।
তবে পুলিশের উপস্থিতি টের পেয়ে আসামীর ছেলে পালিয়েছে বলে জানিয়েছে মুজিবনগর থানার পুলিশ।
আটককৃত শহিদা বেগম মুজিবনগর উপজেলার রশিকপুর গ্রামের খাঁ পাড়ার মজিদুল ইসলাম(মজা) স্ত্রী।
মুজিবনগর থানা সূত্রে জানা গেছে, আসামী ফেনসিডিল কিনে নিয়ে এসে নিজের বাসায় লুকিয়ে রেখেছে এমন গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেমের নেতৃত্বে এসআই মোমিনুর রহমান, এএসআই শাহিন উদ্দিন আসামীর বাড়িতে অভিযান চালায়। অভিযান চলাকালীন সময়ে আসামীর বসত বাড়িতে নিজ ঘরে তল্লাশী করে।তল্লাশী করে আসামীর বসত ঘরের ভিতর কাঠের সোকেচের ভিতর বস্ততার মধ্যে ফেনসিডিল দেখতে পাওয়া যায়। পরে ফেনসিডিলসহ আসামীকে হাতেনাতে আটক করে থানায় নিয়ে আসা হয়।
মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম জানান, গোপন সংবাদের ভিত্তিতে আসামীর বাড়িতে অভিযান চালানো হয়। আসামীর বাড়ি থেকে ৩৬ বতল ফেনসিডিলসহ একজনকে আটক করা হয়েছে।তার নামে মুজিবনগর থানায় মাদক দ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা দেওয়া হবে।
এবং পালাতক তার ছেলেকে আটক করার জন্য চেষ্টা চলছে।
মেপ্র/আরজেএম

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]
“[illegible]”

[illegible]…
[illegible] VDT [illegible] YEH [illegible]

ভিটামিন সি সমৃদ্ধ লেবু গাছের চারা বিতরণের মধ্য দিয়ে ক্যাম্পেইনের শুভ সূচনা করেন..।
দুর্যোগময় মূহুর্তে লেবু গাছের চারা নিঃসন্দেহে ভবিষ্যতে গরীব মানুষের ভিটামিন সি চাহিদা মেটাবে বলে তিনি অভিমত ব্যক্ত করে বলেন,
পরিবেশের ভারসাম্য রক্ষার্থে ও নানা রকম প্রাকৃতিক দূর্যোগ প্রতিরোধে বৃক্ষের ভূমিকা অপরিসীম,
আমাদের সকলের উচিত পরিবেশ ও জীব বৈচিত্র্য সুরক্ষায় বেশি বেশি করে গাছ লাগানো…।

বৃক্ষরোপণ ক্যাম্পেইনের গতি ত্বরান্বিত করতে ২০০০ টি (ফলজ,বনজ,ওষধি) চারা VDT সদস্যদের মাঝে খুব শীঘ্রই বিতরণ করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত করেন চেয়ারম্যান।

এসময় কাথুলী ইউনিয়ন ভলেন্টিয়ার ফোরামের সভাপতি সহ ভিটির সদস্যা উপস্থিত ছিলেন । গাড়াবাড়ীয়া ভিডিটির সভাপতি মোঃ রেজাউর রহমান ইউনিয়ন ইয়ুথ কো-অর্ডিনেটর ইমরল,ইসলাম হাঙ্গার প্রজেক্ট কাথুলী ইউনিয়ন সমন্বয়কারী বাশারুল ইসলাম সহ প্রতিটা VDT ও YEH ইউনিটের গুরুত্বপূর্ণ সদস্যরা উপস্থিত ছিলেন ।

গাংনীতে ক্ষেতের পানি নিস্কাশনকে কেন্দ্র করে সংঘর্ষে আহত -২

মেহেরপুরের গাংনী উপজেলার শিশিরপাড়ায় ক্ষেতের পানি নিস্কাশন কে কেন্দ্র করে সংঘর্ষে ২জন আহত হয়েছে। আজ শুক্রবার সকাল সাড়ে ৬ টার দিকে শিশিরপাড়া মাঠপাড়া গ্রামের রহিদুল ইসলামের বাড়ীর পাশে এ সংঘর্ষের ঘটনা ঘটে। আহতরা হলেন, শিশিরপাড়া মাঠপাড়া গ্রামের মোজাহার শেখ’র ছেলে রহিদুল ইসলাম (৫৫) ও রহিদুল ইসলামের ছোট ভাই মহিদুল ইসলাম (৩৮)।

আহত মহিদুল ইসলাম ইসলাম জানান, গত তিনদিন আগে শিশিরপাড়া

মধ্যপাড়ার রুহুল আমিনের ছেলে তুহিন (২২) ও তার বড় ভাই রহিদুল ইসলামের মধ্যে মরিচ ক্ষেতের পানি নিস্কাশন নিয়ে বাকবিতন্ডা হয়। তবে সেখানে তাদের সমাধানও হয়েছিল। তবে আজ শুক্রবার সকাল সাড়ে ৬ টার দিকে তুহিন তার সংঘবদ্ধ দলবল নিয়ে রহিদুল ইসলামের বাড়ীতে হাজির হয়। রহিদুল ইসলাম বাড়ীতে না থাকায় রহিদুলের ছোট ভাই রুবেল বিষয়টি স্থানীয়ভাবে আলোচনা সাপেক্ষে সমাধানের করা হবে বলে জানান। এমন সময়ে রহিদুল ইসলাম মাঠ থেকে এসে ঘটনাস্থলে হাজির হয়। এ সময় উভয়পক্ষের মধ্যে বাকবিতন্ডা এবং একপর্যায়ে শুরু হয় মারামারি। তুহিন পক্ষের মৃত আজগর আলীর ছেলে দেলোয়ার হোসেন (২৮), ডেমু হোসেনের ছেলে ছাদেক আলী (৩৮), আঃ সোবহানের ছেলে শাহিন (২৮), সুন্নত আলীর ছেলে রুহুল আমিন ((৪৫), ওয়াদুদ আলীর ছেলে মাহাফুজ আলী (২২), সুন্নত আলীর ছেলে রুস্তুম আলী (৫২), সাঈদ আলীর ছেলে শামিম (২২), সুন্নত আলীর ছেলে ইয়ামিন (৩৮) ও আইনদ্দিনের ছেলে সাহারুল ইসলাম (২৮) সহ অন্যান্যরা
এলোপাতাড়ী আঘাত করে রহিদুল ইসলামকে মারাত্মক জখম করে এ সময় রহিদুল ইসলামের ভাই মহিদুল ইসলামও আহত হয়।

স্থানীয়রা মহিদুল ও রহিদুল ইসলামকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক তাদেরকে প্রাথমিক চিকিৎসা প্রদান করেন। তবে রহিদুল ইসলামের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল হাসপাতালে রেফার্ড করা হয়।

এ বিষয়ে রুস্তুম আলী জানায়, লোকজন নিয়ে সকালে রহিদুল ইসলামের বাড়ীতে যাওয়া হয়েছিল বিষয়টি জানা ও সমাধানের উদ্দেশ্যে তবে হামলার ঘটনায় আমরা তিন ভাই কেউ জড়িত ছিলাম না। তবে কারা রহিদুল ইসলামকে আঘাত করেছে এমন প্রশ্নের জবাবে তিনি বলেন আমি ওই সময় ওখান থেকে সরে গিয়েছিলাম তাই এ বিষয়টি আমি বলতে পারবো না। গাংনী থানা অফিসার ইনচার্জ (ওসি) ওবাইদুর রহমান জানান, মারামারির বিষয়ে একটি অভিযোগ পেয়েছি। তদন্ত সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করা হবে।

মেহেরপুরে যৌতুকের দাবিতে গৃহবধূকে নির্যাতন

মেহেরপুরে যৌতুকের দাবিতে এক গৃহবধূকে নির্যাতনের অভিযোগ স্বামীসহ পরিবারের ৫ সদস্যের উপর। শ্বশুর বাড়ির লোকজনের অমানবিক নির্যাতনে ঘর ছাড়তে বাধ্য হয়েছে অসহায় গৃহবধূ। ঘটনাটি ঘটেছে মেহেরপুর সদর উপজেলার সুবিদপুর গ্রামে। এ ঘটনার সুষ্ঠ বিচারের দাবিতে মেহেরপুর সদর থানাসহ কুতুবপুর ইউনিয়ন পরিষদে বার বার ধর্না দিলেও কোন বিচার পাননি। নির্যাতনের স্বীকার ঐ গৃহবধূ চুয়াডাঙ্গার নতুন বাজার পাড়ার বাচ্চু ইসলামের মেয়ে।

তবে অভিযুক্ত পরিবারের দাবি তাদের ছেলে বউ বেপরোয়া। পরিবারের কাউকে মানে না। বিভিন্ন সময় ঝগড়া বিবাদ লাগিয়ে রাখার কারণে তাকে গত জানুয়ারি মাসে তালাক দেওয়া হয়।

ভুক্তভোগী ঐ গৃহবধূ অভিযোগ করে বলেন, ২০১৪ সালের ১১ অক্টোবর সুবিদপুর মোল্লাপাড়ার উসমান গনির ছেলে আবু সাইদ(৩০) এর সাথে আমার বিয়ে হয়। বিয়ের পর যৌতুক হিসেবে ব্যবসার নাম করে আমার বাবার কাছে ২ লাখ টাকা নেয়। মাঝে মধ্যেই কারণে অকারণে আমাদের কাছে টাকা দাবি করে। না দিলে নির্যাতন করে আমার উপর। বিভিন্ন অযুহাতে পরবর্তীতে আরও ১ লাখ নেয়। সম্প্রতি বিদেশ যাওয়ার কথা বলে আমার বাবার কাছে ২ লাখ টাকা দাবি করে। এই টাকা দিতে না পারায় আমার স্বামী আবু সাইদ(৩০) তার বড় ভাই রাহিদুজ্জামান(৩৫) শ্বশুর উসমান গনি(৫২) শাশুড়ি রেহেনা খাতুন(৪৮) দাদা এলাহী বক্স আমার উপর অমানবিক নির্যাতন চালায়। আমাকে তালাক দিতে চাইলে আমি অস্বীকৃতি জানায়। এতে আমাকে মেরে ফেলার হুমকি দেয় আবু সাইদ ও তার পরিবারের লোকজন।

এ নিয়ে মেহেরপুর সদর থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করি। এর প্রেক্ষিতে এসআই আহসান হাবিব শ্বশুর বাড়ির লোকজনদের বিষয়টি মিমাংশা করার জন্য বলে। কিন্তু কোন লাভ হয়নি। পরে ইউনিয়ন পরিষদে অভিযোগ করলে সেখানেও আমাকে হেনেস্তা করা হয়। পরে ইউনিয়ন পরিষদ থেকে আদালতে যাওয়ার পরামর্শ দেয়।

এ বিষয়ে আবু সাইদের মোবাইল ফোনে যোগাযোগ করা হলে বন্ধ পাওয়া যায় পরে তার বড় ভাই রাহিদুজ্জামানের সাখে মোবাইল ফোনে

যোগাযোগ করা হলে তিনি জানান, রুবিনা খাতুনকে ৯ মাস আগে তালাক দেওয়া হয়। গতকাল কুতুবপুর ইউনিয়ন পরিষদে মিমাংসা হওয়ার কথা ছিল কিন্তু রুবিনা করেনি।

আবু সাঈদ এর বড় চাচা রুপচাঁদ বলেন, রুবিনার অভিযোগ মিথ্যা ভিত্তিহীন। সে নিজ ইচ্ছায় বাড়ি থেকে চলে গেছে। তার চলাফেরা ছিল বেপরোয়া। পরিবারের কারো কথা শুনতো না। বিভিন্ন সময় সংসারে অশান্তি লাগাতো। যে কারণে গত জানুয়ারি মাসে তাকে তালাক দিয়ে তাদের ছেলে।
মেহেরপুর সদর থানার এস আই আহসান হাবিব জানান, আমাদের কাছে অভিযোগ দিয়েছিল। আমরা পারিবারিক ভাবে বিষয়টি মিমাংসার জন্য বলেছিলাম কিন্তু পরে উভয় পক্ষ কোন মিমাংসা করেনি।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে মৎস সপ্তাহে পরামর্শ সেবা ও পানি পরীক্ষা

জাতীয় মৎস সপ্তাহের ৪র্থ দিনে মেহেরপুরে মাছ চাষিদের পরামর্শ সেবা ও পানি পরীক্ষা করা হয়েছে। শুক্রবার সকালে সদর উপজেলার সুবিদপুর গ্রামে পানি পরীক্ষা করা হয়। সেই সাথে ঐ গ্রামের মাছ চাষিদের পরামর্শ মূলক সেবা দেওয়া হয়।

এসময়. উপস্থিত ছিলেন জেলা মৎস্য কর্মকর্তা সাইফুদ্দিন ইয়াহিয়া,সম্প্রসারণ কর্মকর্তা ওমর ফারুক, সহকারী মৎস্য কর্মকর্তা মীর মোহাম্মহ জাকির হোসেন।

মেপ্র/এমএফআর